

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।


তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৪/০২/২০২৬ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব সিরাজুম মুনীরা কায়ছান এর নেতৃত্বে "দি মেজবান লাউঞ্জ" বাড়ী-৪৬, কামাল আতাতুর্ক এডিনিউ, বনানী, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে উক্ত রেস্টুরেন্টটির কিছুটা পরিষ্কার-পরিচ্ছন্নতার ঘটতি পরিলক্ষিত হয় অর্থাৎ কিচেনে ডাস্টবিন খোলা অবস্থায় পাওয়া যায়; ফ্রিজে যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে কাঁচা ও রান্নাকরা মাছ, মাংস, সবজী, ডাব এর পুডিং এবং বিভিন্ন ধরনের মসলা সংরক্ষণ করতে দেখা যায়; এছাড়াও প্রতিষ্ঠানটি তাদের রেস্টোরী নিবন্ধন সনদ ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থাপক এর বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়। সংগীয় মনিটরিং অফিসারকে মাইনর ব্যত্যয়সমূহ সংশোধন বিষয়ে একটি কমপ্লায়েন্স প্রতিবেদন কোর্টকে দেয়ার জন্য আদেশ করা হয়।

অভিযানকালে জনাব হারুনুর রশিদ, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

  
২৪ ০২ ২০২৬

বি. এম রুহুল আমিন রিমন  
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।